

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

সাধারণ আদেশ নং- ১২/মুসক/২০১৯।— যেহেতু, রূপকল্প-২০২১ বাস্তবায়নের অন্যতম পদক্ষেপ হিসেবে আগামী-২০২১ সালের মধ্যে মোট উৎপাদিত বিদ্যুতের শতকরা ১০ ভাগ পারমাণবিক উৎস হইতে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হইয়াছে এবং সেই উদ্দেশ্যে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পটি সরকারের Fast Track তালিকাভুক্ত একটি গুরুত্বপূর্ণ প্রকল্প; এবং

যেহেতু, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ সংক্রান্ত আন্তঃরাষ্ট্রীয় সমঝোতা চুক্তির Article-5 অনুসারে উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য স্থানীয়ভাবে সংগৃহীত পণ্য/সেবার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বাংলাদেশ সরকার কর্তৃক পরিশোধের দায়বদ্ধতা রহিয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, স্থানীয় পর্যায়ে সংগৃহীত নিম্নে বিধৃত টেবিল এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর (মুসক) হইতে অব্যাহতি প্রদান করিল, যথা-

টেবিল

| শিরোনামার সংখ্যা | সেবার কোড | সেবার নাম   |
|------------------|-----------|---|
| (১)              | (২)       | (৩)   |
| S০০৪             | S০০৪.০০   | নির্মাণ সংস্থা  |
| S০০৫             | S০০৫.২০   | বন্দর   |
| S০১৫             | S০১৫.১০   | ফ্রেইট ফরোয়ার্ডার্স  |
|                  | S০১৫.২০   | ক্রিয়ারিং ও ফরওয়ার্ডিং সংস্থা   |
| S০২৭             | S০২৭.০০   | বীমা কোম্পানি   |
| S০৩১             | S০৩১.০০   | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামতকারী সংস্থা  |
| S০৩২             | S০৩২.০০   | কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরি ফার্ম   |
| S০৩৭             | S০৩৭.০০   | যোগানদার (শুধুমাত্র রূপপুর পারমাণবিক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে উক্ত প্রকল্পের মনোনীত Contractor এবং Sub-Contractor কর্তৃক প্রদত্ত যোগানদার সেবা)   |
| S০৪৮             | S০৪৮.০০   | পরিবহন ঠিকাদার  |
| S০৫১             | S০৫১.০০   | ইঞ্জিনিয়ারিং ফার্ম   |
| S০৫৬             | S০৫৬.০০   | ব্যাংকিং সেবা প্রদানকারী (শুধুমাত্র রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ও রাশিয়ান ফেডারেশনের মধ্যে স্বাক্ষরিত চুক্তির শর্ত অনুসারে Credit Financing Scheme এর আওতায় |

| শিরোনামার<br>সংখ্যা | সেবার কোড | সেবার নাম  |
|---------------------|-----------|--|
| (১)                 | (২)       | (৩)  |
|                     |           | সোনালী ব্যাংকের মাধ্যমে L/C প্রতিষ্ঠার ক্ষেত্রে) |
| S০৭২                | S০৭২.০০   | মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান      |
| S০৯৯                | S০৯৯.২০   | অন্যান্য বিবিধ সেবা                              |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মো: তারেক হাসান)  
দ্বিতীয় সচিব (মুসক নীতি)